

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
[www.lawjusticediv.gov.bd](http://www.lawjusticediv.gov.bd)

২০২০-২১ অর্থবছরের আইন ও বিচার বিভাগের ইনোভেশন টিম এর ৩য় সভার কার্যবিবরণীঃ

|            |   |   |
|------------|---|---|
| সভার তারিখ | : | ০৩ ফেব্রুয়ারী ২০২১ খ্রিঃ   |
| সময়       | : | ১২.০০ ঘটিকা   |
| স্থান      | : | সম্মেলন কক্ষ (৭২৭ নং কক্ষ), আইন ও বিচার বিভাগ                       |
| সভাপতি     | : | জনাব বিকাশ কুমার সাহা<br>যুগ্ম সচিব (প্রশাসন-১), আইন ও বিচার বিভাগ। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক সংযুক্ত।

সভার শুরুতে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে আইন ও বিচার বিভাগের বিভিন্ন শাখা-অধিশাখা ও সংযুক্ত দপ্তরের কর্মকর্তাগণকে তাদের উদ্ভাবিত উদ্ভাবন পরিকল্পনা সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান। এবং তিনি ইনোভেশন টিমের সদস্য সচিবকে উক্ত উপস্থাপন অনুষ্ঠান পরিচালনার জন্য দায়িত্ব প্রদান করেন।

- ০২। সভায় বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট এর উপ-পরিচালক জনাব আবু হাসান খায়রুল্লাহ, আইনি সমস্যার ক্ষেত্রে মামলার রেফারেন্সসমূহ একত্রিকরণ করে ল সলিউশন হাব করার বিষয়ে তারা চিন্তা-ভাবনা করছেন মর্মে জানান। উক্ত ল সলিউশন হাব এর মাধ্যমে ওয়েবসাইট ব্যবহার করে বিচারকরা তাদের সমস্যাসমূহ বা আইনি জিজ্ঞাসাসমূহ বিষয়ে বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট এর মতামত গ্রহণ করতে পারবেন।
- ০৩। জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার সহকারী পরিচালক জনাব মোঃ আকতারুজ্জামান বলেন যে, জেলা লিগ্যাল এইড অফিসার কর্তৃক সারা দেশে নিষ্পত্তিকৃত বিকল্প বিরোধের সিদ্ধান্তসমূহ আর্কাইভ আকারে রাখার বিষয়ে একটি উদ্ভাবন পরিকল্পনা প্রণয়নের কাজ তাদের সক্রিয় বিবেচনায় রয়েছে।
- ০৪। আইন ও বিচার বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ শাহাবুদ্দিন (বিচার শাখা-৩) জানান যে, বিদ্যমান নোটারি পাবলিকের তালিকা হালনাগাদকরণ আবশ্যিক। যার মাধ্যমে নোটারি পাবলিকের মেয়াদ শেষ হয়েছে কিনা বা সংশ্লিষ্ট আইনজীবী নোটারি পাবলিক হিসেবে দায়িত্ব পালনরত রয়েছেন কিনা এ বিষয়ে সহজেই জনগণ ওয়েবসাইট ব্যবহার করে জানতে পারবে।
- ০৫। আইন ও বিচার বিভাগের সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৮) জনাব মোঃ মোস্তাফিজুর রহমান সভায় উল্লেখ করেন যে, আইন ও বিচার বিভাগ ই-নথি কার্যক্রমে পিছিয়ে রয়েছে। সুতরাং এ বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণ আয়োজনে তিনি সভায় উপস্থিত এটুআই প্রতিনিধির সহযোগিতা কামনা করেন।
- ০৬। আইন ও বিচার বিভাগের উপসচিব (মতামত) জনাব এ.কে.এম এমদাদুল হক তার বক্তব্যে জানান যে, তারা একটি উদ্ভাবনী পরিকল্পনা গ্রহণ করেছেন। আইন ও বিচার বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীর ছুটি ব্যবস্থাপনা বিষয়ক একটি উদ্ভাবনী ধারণা তিনি সভাপতির অনুমতিক্রমে সভায় উপস্থাপন করেন। আইন ও বিচার বিভাগের সহকারী প্রোগ্রামার এ বিষয়ে তাকে সহায়তা করেন।
- ০৭। আইন ও বিচার বিভাগের উপসচিব (বাজেট ও উন্নয়ন) জনাব শেখ হুমায়ুন কবির জানান যে, উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নে পরামর্শক হিসেবে এটুআই এর সহযোগিতা গ্রহণ করা যেতে পারে।

০৮। আইন ও বিচার বিভাগের যুগ্মসচিব (প্রশাসন-১) ও চীফ ইনোভেশন অফিসার জনাব বিকাশ কুমার সাহা তাঁর বক্তব্যে উল্লেখ করেন যে, আইন ও বিচার বিভাগের উদ্ভাবনী কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ শাহাবুদ্দিন ও জনাব মোঃ একরামুল হক শামীম-কে উদ্ভাবনী কমিটিতে অর্ন্তভুক্ত করা যেতে পারে। এছাড়া তিনি নিকাহ রেজিস্ট্রার ও নোটারি পাবলিকদের তালিকা হালনাগাদ করা আবশ্যিক বলে সিনিয়র সহকারী সচিব (বিচার শাখা-৩) এর বক্তব্যকে সমর্থন করেন। আইন ও বিচার বিভাগের উপসচিব (মতামত) জনাব এ.কে.এম এমদাদুল হক কর্তৃক উপস্থাপিত ছুটি ব্যবস্থাপনা বিষয়ক উদ্ভাবনী ধারণাটি গ্রহণ করা যেতে পারে মর্মে তিনি মতামত প্রদান করেন।

০৮। সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হলো:

- ক) আইন ও বিচার বিভাগের উদ্ভাবনী কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে এ বিভাগের সিনিয়র সহকারী সচিব জনাব মোঃ শাহাবুদ্দিন ও জনাব মোঃ একরামুল হক শামীম-কে উদ্ভাবনী কমিটিতে অর্ন্তভুক্ত করা হবে।
- খ) আইন ও বিচার বিভাগের কর্মকর্তা-কর্মচারীদের ছুটি ব্যবস্থাপনা বিষয়ক উদ্ভাবনী ধারণাটি প্রশাসনিক অনুমোদন গ্রহণ সাপেক্ষে আগামী ১৪/০২/২০২১ খ্রিঃ তারিখ থেকে কার্যকর করা হবে।
- গ) আইন ও বিচার বিভাগের ওয়েবসাইটে বক্স আকারে এ বিভাগের বিভিন্ন শাখার গুরুত্বপূর্ণ ফাইলসমূহ আপলোড করার ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ঘ) নিকাহ রেজিস্ট্রার ও নোটারি পাবলিকদের তালিকা হালনাগাদ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ঙ) আইন ও বিচার বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীদের পর্যায়ক্রমে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- চ) আগামী উদ্ভাবনী টিমের বৈঠকে উপসচিব (রেজিস্ট্রেশন)-কে আমন্ত্রণ জানানো হবে।
- ছ) সকল শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের তাদের সেবাসমূহ সহজীকরণ বিষয়ে ধারণা প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করা হবে।

০৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং অতিমারি মোকাবেলায় সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করার অনুরোধ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



বিকাশ কুমার সাহা  
যুগ্ম সচিব (প্রশাসন-১)

ও

০৬/০২/২০২০  
চীফ ইনোভেশন অফিসার  
ইনোভেশন টিম